প্রধানমন্ত্রীর ছবি দিয়ে ফেসবুকে গুজব ছড়ানোয় যুবক আটক

প্রধানমন্ত্রীর বিকৃত ছবি দিয়ে পদ্মা সেতু নিয়ে ফেসবুকে গুজব ছড়ানোর অভিযোগে কুমিল্লার বুড়িচং উপজেলায় মো. শামিম হোসেন
(২৭) নামের এক যুবককে আটক করেছে পুলিশ। বুধবার সকাল ৬টার দিকে উপজেলার নাজিরা বাজার থেকে তাকে আটক করা হয়।

শামিম লক্ষ্মীপুরের রায়পুর থানার রাঘালিয়া কলকোপা মুন্সিবাড়ির মৃত ওজিউল্লার ছেলে। তিনি বুড়িচং উপজেলার নাজিরা বাজারে থাকেন।

পদ্মা সেতুতে মানুষের মাথা লাগবে এমন গুজব ছড়ানোর অভিযোগে এই নিয়ে কুমিল্লায় তিনজনকে আটক করা হয়েছে। বুধবার দুপুরে কুমিল্লা পুলিশ সুপার কার্যালয়ে সংবাদ সম্মেলন করে শামীমকে আটকের বিষয়টি জানান পুলিশ সুপার সৈয়দ নুরুল ইসলাম। এ সময় উপস্থিত ছিলেন-অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, শাখাওয়াত হোসেন, আজিম উল আহছান, তানভীর সালেহীন ইমন প্রমুখ।

পুলিশ সুপার সাংবাদিকদের জানান, ফেসবুকে প্রধানমন্ত্রী ও সড়ক পরিবহন মন্ত্রীর বিকৃত ছবি দিয়ে পদ্মা সেতু নিয়ে গুজব ছড়ায় শামিম। ‘মাথা কেটে নিচ্ছে নিরিহ মানুষের’, পদ্মা সেতু নির্মানের জন্য মাথা লাগবেই- ‘এম ডি শামিম’ নামের নিজ ফেসবুক আইডি থেকে পোস্ট দেন তিনি। বিষয়টি নজরে এলে জেলার সাইবার ক্রাইম ইউনিট শামিমকে আটক করে। জিজ্ঞাসাবাদে ফেসবুকে গুজব ছড়ানোর বিষয়টি স্বীকার করেন তিনি। তার ব্যবহৃত মোবাইল ফোনটি জব্দ করেছে পুলিশ। সেটিতেও গুজব ছড়ানোর তথ্য-প্রমাণ পাওয়া গেছে। ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।